

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ২৩৪

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৪. ভুলবশত কোন ব্যক্তি নাপাক অবস্থায় সালাতে ইমামতি করলে

باب فِي الْجُنُبِ يُصَلِّي بِالْقَوْمِ وَهُوَ نَاسٍ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، بِإِسْنَادِهِ وَمَعْنَاهُ قَالَ فِي أَوَّلِهِ فَكَبَّرَ . وَقَالَ فِي آخِرِهِ فَلَمَّا قَضَى الصَّلَاةَ قَالَ " إِنَّمَا أَنَا بَشَرٌ وَإِنِّي كُنْتُ جُنُبًا " . قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ الزُّهْرِيُّ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ فَلَمَّا قَامَ فِي مُصَلَّاهُ وَانْتَظَرْنَا أَنْ يُكَبِّرَ انْصَرَفَ ثُمَّ قَالَ " كَمَا أَنْتُمْ " . قَالَ أَبُو دَاوُدَ وَرَوَاهُ أَيُّوبُ وَابْنُ عَوْنٍ وَهَشَامٌ عَنْ مُحَمَّدٍ مُرْسَلًا عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فَكَبَّرَ ثُمَّ أَوْمَأَ بِيَدِهِ إِلَى الْقَوْمِ أَنْ اجْلِسُوا فَذَهَبَ فَاغْتَسَلَ . وَكَذَلِكَ رَوَاهُ مَالِكٌ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي حَكِيمٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَبَّرَ فِي صَلَاةٍ . قَالَ أَبُو دَاوُدَ وَكَذَلِكَ حَدَّثَنَا مُسْلِمٌ بْنُ أَبِرَاهِيمَ حَدَّثَنَا أَبَانُ عَنْ يَحْيَى عَنِ الرَّبِيعِ بْنِ مُحَمَّدٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَبَّرَ .

- صحيح

বাংলা

২৩৪। হাম্মাদ ইবনু সালামাহ হতে উক্ত হাদীস একই সানাদ এবং একই অর্থে বর্ণিত হয়েছে। তবে তার বর্ণিত হাদীসের প্রথমার্শে রয়েছেঃ 'তিনি তাকবীরে তাহরীমা বললেন।' আর শেষার্শে রয়েছেঃ 'তিনি সালাত আদায় শেষে বললেন, 'আমিও মানুষ এবং আমি অপবিত্র ছিলাম।' আবু হুরাইরার বর্ণনায় রয়েছেঃ 'যখন তিনি সালাতের স্থানে দাঁড়ালেন এবং আমরা তাঁর তাকবীর ধ্বনি শুনার অপেক্ষা করছিলাম, তখন তিনি ওখান থেকে চলে গেলেন এবং যাওয়ার সময় বলে গেলেন, তোমরা নিজ নিজ জায়গায় অবস্থান কর।' মুহাম্মাদ ইবনু সীরীন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সূত্রে মুরসালভাবে বর্ণনা করেন যে, 'তিনি তাকবীরে তাহরীমা দিলেন, অতঃপর লোকদেরকে বসার জন্য ইশারা করে চলে গিয়ে গোসল করলেন। এরূপই বর্ণনা করেছেন মালিক, ইসমাঈল ইবনু

আবু হাকীম হতে, তিনি 'আত্বা ইবনু ইয়াসীর হতে। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক সালাতের তাকবীর দিলেন। রাবী' ইবনু মুহাম্মাদ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সূত্রে বর্ণনা করেন, 'তিনি তাকবীর বললেন।'[1]

সহীহ।

English

This tradition has been reported by Hammad b. Salamah through the same chain of narrators and conveying a similar meaning. This version adds in the beginning:

He uttered TAKBIR (Allahu akbar), and in the end : when he finished the prayer, he said : I am a human being; I was sexually defiled.

Abu Dawud said : This tradition has been narrated al-Zuhri from Abu Salamah b. 'Abd al-Rahman on the authority of Abu Hurairah. It says: When he stood at the place of prayer, we waited for his utterance of takbir (Allah-u akbar).He went away and said : (remain) as you were.

Another version on the authority of Muhammad reporting from the Prophet (ﷺ) says: He uttered takbir (Allah-u-Akbar) and then made a sign to the people, meaning "sit down". He then went away and took a bath. This tradition has also been narrated through a different chain. It says: The Messenger of Allah (ﷺ) uttered takbir (Allah-u-akbar) in a prayer.

Abu Dawud said: Another version through a different chain says; The Prophet (May peace be upon him) uttered takbir (Allah-u akbar).

ফুটনোট

[1] ইবনু হিব্বান (৩৭২), ইবনু হাজার 'ফাতহুল বারী' গ্রন্থে (২/১২১-১২২) এর পরবর্তীতে আগত হাদীসের ব্যাখ্যায় বলেন, এটি বিরোধপূর্ণ। অর্থাৎ আবু বাকরার হাদীস, যার আলোচনায় আমরা রয়েছি। যা বর্ণনা করেছেন আবু দাউদ ও ইবনু হিব্বান, আবু বাকরাহ সূত্রে... হাদীস, এবং মালিক 'আত্বা ইবনু ইয়াসীর সূত্রে মুরসালভাবে: তিনি কোনো এক সালাতে তাকবীর দিলেন। অতঃপর হাত দ্বারা ইশারা করে সকলকে যথাস্থানে অবস্থান করতে বললেন। এ উভয় হাদীসের সমন্বয় করা সম্ভব এভাবে যে: তার বক্তব্য, তিনি তাকবীর দিলেন, এর অর্থ হচ্ছে তিনি তাকবীর দেয়ার ইচ্ছা করলেন। অথবা ঐ দু'টি পৃথক ঘটনা মাত্র।

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ হাম্মাদ বিন সালামা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57552>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন